

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৭৬

আগরতলা, ৩১ অক্টোবর, ২০২৩

রাজভবনে জম্মু ও কাশ্মীর এবং লাদাখের প্রতিষ্ঠা দিবস উদযাপন

আজ রাজভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে জম্মু ও কাশ্মীর এবং লাদাখ-এর প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়। প্রদীপ জ্বলে প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা। সংক্ষিপ্ত আলোচনায় তিনি জম্মু ও কাশ্মীর এবং লাদাখের ইতিহাস ও গুরুত্বের কথা তুলে ধরেন। অনুষ্ঠানে একটি স্বল্প দৈর্ঘ্যের ভিডিও প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে রাজভবনে কর্মরত আধিকারিক ও কর্মীগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*